দৈনিক ইনকিলাব

তারিখ 28 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

120

# চট্টগ্রাম কমার্স কলেজে শিবির কর্মীদের উপর গুলীঃ একজন নিহত

॥ ব্যুরো থেকে ॥

চট্টগ্রাম, ২৭ মার্চ।— আজ দুপুরে এক দল সশস্ত্র দুষ্কৃতকারী চট্টগ্রাম কমার্স



নিহত শিবির নেতা মোঃ জসীম উদ্দিন

কলেজে ইসলামী ছাত্র শিবির কর্মীদের উপর এলোপাতাড়ি গুলীবর্ষণ করলে ঘটনাস্থলে শিবির কর্মী জসিম উদ্দিন (১৯) নিহত এবং অপর ২০ জন আহত হন। এদের মধ্যে গুরুতর অবস্থায় ৪ জনকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতির আরো অবনতির আশংকায় কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা এবং আজ সন্ধ্যা ৬টার মধ্যে ছাত্রদের হল ত্যাগের নির্দেশ দিয়েছেন।